PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGIDC-554

(সাহিত্যতত্ত্ব ও সমালোচনা-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

'ক'-গুচ্ছ

১. অ্যারিস্টটল কোথায় জন্মগ্রহণ করেন? অ্যারিস্টটলের শিক্ষাগুরু কে ছিলেন? অনুকরণ এবং কাব্যের বাস্তবতা সম্পর্কে অ্যারিস্টটলের ধারণা সংক্ষেপে লিপিবদ্ধ করো। ১+১+১২=১৪

২. 'হ্যামারশিয়া' বলতে কী বোঝ? অ্যারিস্টটলের 'পোয়েটিক্স' অবলম্বনে মহাকাব্য ও ট্র্যাজেডির সাদৃশ্য ও বৈসাদৃশ্যগুলো কি কি? ট্র্যাজেডির ষড়ঙ্গ সম্পর্কে অ্যারিস্টটলের বক্তব্য সংক্ষেপে আলোচনা করো। ২+৪+৮=১৪

'খ'-গুচ্ছ

৩. 'নাট্যশাস্ত্র' এর রচয়িতা কে? পারিভাষিক শব্দের মর্মার্থ নির্ণয় করে রসধ্বনিবাদ প্রতিষ্ঠায় 'ধ্বন্যালোক-লোচনের' অবদান বিষয়ে সংক্ষিপ্ত আলোকপাত করো। ১+১৩=১৪

৪. অলংকারকে 'সপ্তম বেদাঙ্গ' হিসেবে কে, কোন গ্রন্থে উল্লেখ করেছেন? অলংকার, সামান্য বা বিশেষ যে-ভাবেই ব্যবহৃত হোক না কেন তা কাব্যসাহিত্যের বহিরঙ্গ নয়, অন্তরঙ্গ— অলংকারের সংজ্ঞা নিরূপণ-পূর্বক বিষয়টি স্পষ্ট করো। ২+১২=১৪

'গ'-গুচ্ছ

৫. রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যচিন্তা বিষয়ক দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। 'সাহিত্যের পথে' গ্রন্থে রবীন্দ্রনাথের সাহিত্য বিষয়ক ভাবনার যে পরিচয় পাওয়া যায়, তোমার পঠিত প্রবন্ধ অবলম্বনে তা পর্যালোচনা করো। ২+১২=১৪

৬. 'সাহিত্যের পথে' গ্রন্থটির প্রকাশকাল কত? রবীন্দ্রনাথ এই প্রবন্ধটি কাকে উৎসর্গ করেছিলেন? এই গ্রন্থের 'সাহিত্যতত্ত্ব' নামক প্রবন্ধটিতে প্রকাশতত্ত্ব এবং দুঃখতত্ত্ব সম্পর্কে যে রবীন্দ্রদর্শন ফুটে উঠেছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+১২=১৪

'ঘ'-গুচ্ছ

৭. কোন্ কাব্যসংলকনটিকে রোম্যান্টিক সাহিত্যধারার প্রধান মাইলফলক হিসেবে গণ্য করা হয়? এটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল? রোম্যান্টিক সাহিত্যের মূল বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। এই ধারাটির উদ্ভব ও ক্রমবিকাশের সংক্ষিপ্ত রূপরেখা উপস্থাপন করো। ১+১+৪+৮=১৪

৮. কোন চিত্রশিল্পী, কত সালে, 'রিয়েলিজম' শব্দটির প্রথম পারিভাষিক প্রয়োগ করেছিলেন? 'জীবনের বাস্তব সমস্যাবলি, গদ্যভাষা আর কথাসাহিত্য পরস্পর অচ্ছেদ্য সম্পর্কে আবদ্ধ।'— এই মন্তব্যের আলোকে বাংলা কথাসাহিত্যে বাস্তবতার প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

'ঙ'-গুচ্ছ

৯. মিখাইল বাখতিন রচিত যে কোনো দু'টি গ্রন্থের নামোল্লেখ করো। বাখতিনের চিন্তাসূত্র অনুসরণ করে বহুস্বরসঙ্গতি এবং দ্বিবাচনিকতা সম্পর্কে আলোচনা করো। ২+৬+৬=১৪

১০. প্রাথমিকভাবে কোন দুই চিন্তাবিদের সৌজন্যে বাখতিনের ভাবনাবিশ্বের সঙ্গে আমাদের পরিচয় সম্ভব হয়েছিল? 'বাখতিন নিবিড় কাব্যিক উচ্চারণে জানিয়েছেন, প্রতিটি তাৎপর্যটি মূলত প্রকল্প; তাকে কেউ কখনো চূড়ান্ততায় রুদ্ধ করতে পারে না।'— মন্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও।২+১২=১৪

*****